# মুয়াত্তা মালিক

হাদিস নাম্বারঃ ৫৭৭

১৭. যাকাত (كتاب الزكاة)

পরিচ্ছেদঃ ৭. উত্তরাধিকার সূত্রে প্রাপ্ত সম্পদের যাকাত

## بَاب زَكَاةِ الْمِيرَاثِ

আরবী

حَدَّثَنِي يَحْيَى عَنْ مَالِك أَنَّهُ قَالَ إِنَّ الرَّجُلَ إِذَا هَلَكَ وَلَمْ يُؤَدِّ زَكَاةَ مَالِهِ إِنِّي أَرَى أَنْ يُؤْخَذَ ذَلِكَ مِنْ ثُلُثِ مَالِهِ وَلَا يُجَاوَزُ بِهَا الثُّلُثُ وَتُبَدَّى عَلَى الْوَصَايَا وَأَرَاهَا بِمَنْزِلَةِ الدَّيْنِ عَلَيْهِ فَلِذَلِكَ رَأَيْتُ أَنْ تُبَدَّى عَلَى الْوَصَايَا قَالَ وَذَلِكَ إِذَا أَوْصَى بِهَا الْمَيِّتُ قَالَ فَإِنْ لَمْ يُوصِ بِذَلِكَ الْمَيِّتُ فَفَعَلَ ذَلِكَ أَهْلُهُ فَذَلِكَ حَسَنٌ وَإِنْ لَمْ يَفْعَلْ ذَلِكَ أَهْلُهُ لَمْ يَلْزَمْهُمْ ذَلِكَ قَالَ وَالسُّنَّةُ عِنْدَنَا الَّتِي لَا اخْتِلَافَ فِيهَا أَنَّهُ لَا يَجِبُ عَلَى وَارِثٍ زَكَاةٌ فِي مَالٍ وَرِثَهُ فِي دَيْنٍ وَلَا عَرْضٍ وَلَا دَارٍ وَلَا عَبْدٍ وَلَا وَلِيدَةٍ حَتَّى يَحُولَ عَلَى ثَمَنِ مَا بَاعَ مِنْ ذَلِكَ أَوْ اقْتَضَى الْحَوْلُ مِنْ يَوْمَ بَاعَهُ وَقَبَضَهُ وَقَالَ مَالِك السُّنَّةُ عِنْدَنَا أَنَّهُ لَا تَجِبُ عَلَى وَارِثٍ فِي مَالٍ وَرِثَهُ الزَّكَاةُ حَتَّى يَحُولَ عَلَيْهِ الْحَوْلُ

বাংলা

রেওয়ায়ত ১৬. মালিক (রহঃ) বলেনঃ কেহ যদি যাকাত ফরয হওয়া সত্ত্বেও তাহা আদায় না করিয়া মারা যায় তবে তাহার সাকল্য পরিত্যক্ত সম্পত্তির এক-তৃতীয়াংশ হইতে ঐ যাকাত উসুল করা হইবে। মৃতের অসীয়ত পূরণের উপরও এই যাকাত উসুলকে প্রাধান্য দেওয়া হইবে। কেননা ইহা ঋণের মতই। আর ঋণ অসীয়ত পূরণের পূর্বে আদায় হইয়া থাকে। মৃত ব্যক্তি যাকাত আদায় করার অসীয়ত করিয়া গেলেই কেবল উল্লিখিত হুকুম হইবে। অসীয়ত না করিয়া গেলেও ওয়ারিসান যদি স্বতঃপ্রণোদিত হইয়া তাহা আদায় করিয়া দেয় তবে ভালই। কিন্তু তাহাদের জন্য ইহা করা জরুরী নহে।

মালিক (রহঃ) বলেনঃ আমাদের নিকট সর্বসম্মত মাসআলা হইল, ওয়ারাসাত সূত্রে প্রাপ্ত ধন-সম্পত্তি, দাস-দাসী, ঘর-বাড়ি কোন কিছুরই যাকাত ওয়ারিসের উপর ধার্য হইবে না। কিন্তু কেহ যদি ঐ সম্পত্তি বিক্রয় করিয়া দেয়, তবে বিক্রয়ের মূল্য হস্তগত হওয়ার পূর্ণ এক বৎসর অতিক্রান্ত হওয়ার পর ইহার মূল্যে যাকাত ধার্য হইবে।

মালিক (রহঃ) বলেন, আমাদের নিকট গৃহীত পদ্ধতি এই যে, উত্তরাধিকার সূত্রে প্রাপ্ত ধন-সম্পত্তিতে পূর্ণ এক

বৎসর অতিক্রান্ত না হওয়া পর্যন্ত যাকাত ওয়াজিব হইবে না।

## English

Yahya related to me that Malik said, "I consider that if a man dies and he has not paid zakat on his property, then zakat is taken from the third of his property (from which he can make bequests), and the third is not exceeded and the zakat is given priority over bequests. In my opinion it is the same as if he had a debt, which is why I think it should be given priority over bequests."

Malik continued, "This applies if the deceased has asked for the zakat to be deducted. If the deceased has not asked for it to be deducted but his family do so then that is good, but it is not binding upon them if they do not do it."

Malik continued, "The sunna which we are all agreed upon is that zakat is not due from someone who inherits a debt (i.e. wealth that was owed to the deceased), or goods, or a house, or a male or female slave, until a year has elapsed over the price realised from whatever he sells (i.e. slaves or a house, which are not zakatable) or over the wealth he inherits, from the day he sold the things, or took possession of them."

Malik said, "The sunna with us is that zakat does not have to be paid on wealth that is inherited until a year has elapsed over it."

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ মালিক ইবনু আনাস (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=73472

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন